

## আমি দাদার পরিত্যক্ত সম্পত্তির কত ভাগ পাব?

### প্রশ্ন:

আমার দাদা মারা যাওয়ার পর আমার আব্বাও মারা যান। এদিকে এখনো আমার দাদার সম্পদ ভাগ হয়নি। আমার চাচা ও ফুফু আছেন। দাদীও আছেন। এখন দাদার সম্পদ ভাগ করা হলে আমি কী পরিমাণ পাব? আর আমার আব্বাও যেহেতু মারা গেছেন সে ক্ষেত্রে আমি দাদীর সম্পদ থেকে কী পরিমাণ পাব?

প্রশ্নকারী-আব্বার শাহরিয়ার সাদাব

### উত্তর:

আপনার দাদার পরিত্যক্ত স্থাবর অস্থাবর সকল সম্পদ থেকে প্রথমে তার ঋণ থাকলে তা পরিশোধ করতে হবে। স্ত্রীর মোহরানা বাকি থাকলে সেটাও পরিশোধ করতে হবে। তারপর তার কোনো জায়েয অসিয়ত থাকলে অবশিষ্ট সম্পদের এক তৃতীয়াংশ দ্বারা তা আদায় করতে হবে। তারপর অবশিষ্ট সম্পদ ওয়ারিশদের মাঝে নিম্নোক্ত হারে বণ্টন করতে হবে।

তার স্ত্রী (আপনার দাদী) পাবেন ১২.৫০%

অবশিষ্ট সম্পদ পাবে তার ছেলে ও মেয়েরা (আপনার বাবা, চাচা ও ফুফুরা)। প্রত্যেক ছেলে পাবে মেয়ের দ্বিগুণ। মনে করুন, তারা যদি দুই ছেলে ও এক মেয়ে হয়ে থাকেন, তাহলে বাকি সম্পদ পাঁচ ভাগ করলে দুই ভাগ করে চার ভাগ পাবে দুই ছেলে। আর এক ভাগ পাবে এক মেয়ে।

ছেলে-১ (আপনার বাবা): ৩৫%

ছেলে-২ (আপনার চাচা): ৩৫%

মেয়ে (আপনার ফুফু): ১৭.৫%

আপনি মূলত আপনার পিতার ভাগটা পাবেন। সুতরাং আপনার পিতার মৃত্যুকালে যদি আপনি ব্যতীত তার আর কোনো ওয়ারিশ না থেকে থাকে, তাহলে পূর্ণটাই আপনি পাবেন। আর যদি অন্য কোনো ওয়ারিশ থেকে থাকে, তাহলে কে কে ছিল, তার বিবরণ দিলে বলা যাবে আপনি কতটুকু পাবেন।

দাদীর সম্পদ থেকে কী পরিমাণ পাবেন, তা এখন বলা যাবে না। দাদীর ইন্তেকালের সময় তার ওয়ারিশদের মধ্যে কে কে জীবিত আছেন, সেই বিবরণের ভিত্তিতে তার ইন্তেকালের পর বলা যাবে। -রদ্বুল মুহতার:  
৬/৭৬০-৭৬১

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (গুফিরা লাছ)

২৮-১২-১৪৪১ হি.

১৯-০৮-২০২০ ইং

